"সত্য মিথ্যা যাচাই আগে,
ইন্টারনেটে শেয়ার পরে"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয়, ভান্ডারিয়া, পিরোজপুর
doict.bhandaria.pirojpur.gov.bd

# করোনা (কোভিড-১৯) পরিস্থিতিতে উপজেলা আইসিটি বিষয়ক কমিটির জরুরী সভার কার্যবিবরণী মে/২০২০

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ নাজমুল আলম<br>উপজেলা নির্বাহী অফিসার, ভান্ডারিয়া, পিরোজপুর। |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ সভা কক্ষ। |
| সভার তারিখ ও সময় | : | ১৮ মে ২০২০ খ্রিঃ, বেলা ১১:০০ টা। |
| উপস্থিত সদস্যবৃন্দ | : | পরিশিষ্ট "ক" |

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। করোনা ভাইরাস (কোভিড-১৯) এর প্রাদুর্ভাবে সৃষ্ট দুর্যোগকালীন সময়ে আইসিটি ব্যবহারের মাধ্যমে সরকারি বিভিন্ন কার্যক্রম গ্রহণ, মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষিত মানবিক সহায়তা কার্যক্রমে প্রযুক্তির ব্যবহার, স্কুল-কলেজের অনলাইন ভিত্তিক শিক্ষা কার্যক্রম, অনলাইনে (কোভিড-১৯) এর প্রাথমিক ঝুঁকি টেস্ট, কোভিড-১৯ ট্রাকারের মাধ্যমে নিয়মিত হালনাগাদ তথ্য, সামাজিক দুরুত্ব বজায় রেখে ঘরে বসে সামাজিক বিনোদন সহ তথ্য প্রযুক্তির বিভিন্ন গুরুত্বপূর্ণ ওয়েবসাইট, মোবাইল এপ্লিকেশন ব্যবহারের উপর মতামত ব্যক্ত করেন। তিনি বলেন উন্নত দেশের মত প্রযুক্তির ব্যবহার ও করোনা প্রাদুর্ভাবে জীবনযাত্রা ও সংক্রামন রোধে তথ্য প্রযুক্তি সম্পর্কিত গৃহীত বিভিন্ন কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এক্ষেত্রে উপজেলা আইসিটি বিষয়ক কমিটি করোনা দুর্যোগকালীন সময়ে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন এবং সভায় সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

## সভার আলোচনা এবং সিদ্ধান্ত

| ক্র: নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১ | **CAMS (Central Aid Management System) এর মাধ্যমে উপকারভোগীর তথ্য প্রেরণঃ**<br>কোভিড-১৯ এর প্রাদুর্ভাবে এবং সরকার কর্তৃক গৃহীত লকডাউনে শ্রমজীবী মানুষের জীবন জীবিকা থেমে গেছে। তাই মাননীয় প্রধানমন্ত্রী নির্দেশনা মোতাবেক করোনায় ক্ষতিগ্রস্থ ৫০ লক্ষ পরিবারের জন্য মানবিক সহায়তার ত্রান ও আর্থিক কার্যক্রম ডিজিটাল পদ্ধিতে বাস্তবায়ন করতে হবে। এরই প্রেক্ষিতে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রান মন্ত্রনালয়ের নির্দেশনায় এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের কারিগরি সহায়তায় CAMS সফটওয়্যার তৈরি করা হয়। মাঠ প্রশাসন সফটওয়্যার ব্যবহার করে উপকারভোগীর তালিকা সহজেই প্রেরণ করতে পারবে। CAMS এর মাধ্যমে উপকারভোগী ঘরে বসেই প্রধানমন্ত্রীর ঈদ উপহার ব্যক্তিগত মোবাইলে মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে নিশ্চিত হবে। ওয়েব সাইটের ঠিকানাঃ http://cams.gov.bd/ | ১.১ উপজেলা প্রশাসনের সার্বিক ব্যবস্থাপনায় উপজেলার উপকারভোগীর তথ্য CAMS এ প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>১.২ উপজেলা নির্বাহী অফিসারের তত্ত্বাবধানে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, ইউপি সচিব, উদ্যোক্তাদের মাধ্যমে ত্রান মন্ত্রনালয় থেকে দেয়া নির্ধারিত ২৪ টি তথ্য সম্বলিত এক্সেল শীটে উপকারভোগীর তথ্য গ্রহণ করে সহকারী প্রোগ্রামার বরারবর প্রেরণ করার নির্দেশনা প্রদান করা হয়।<br><br>১.৩ মানবিক সহায়তার ত্রান কার্যক্রমের তালিকা উপজেলা প্রশাসন কর্তৃক যাচাই বাচাই শেষে CAMS এ আপলোড করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।<br><br>১.৪ CAMS এ তথ্য আপলোড সহ সকল কারিগরি সাহয্যের জন্য উপজেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কার্যালয়ের সহকারী প্রোগ্রামার কে নির্দেশনা প্রদান করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সহকারী প্রোগ্রামার। |
| ২ | **মাননীয় প্রধানমন্ত্রীর ঈদ উপহার মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে প্রেরণঃ**<br>মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষিত মানবিক সহায়তার ঈদ উপহার উপকারভোগীর মোবাইলে প্রেরণ করা হবে। উপকারভোগীর প্রেরিত তথ্যের প্রক্রিয়াকরণের মাধ্যমে উপযুক্ত ও সঠিক তথ্যের নিশ্চয়তাকল্পে উপকারভোগী চিহ্নিত করে চারটি মোবাইল ব্যাংকিং কোম্পানির মাধ্যমে ২৫০০ (দুই হাজার | ২.১ প্রযুক্তির সহায়তায় করোনা পরিস্থিতিতে এই সিস্টেমে ত্রান কার্যক্রমে অভূতপূর্ব পরিবর্তন সাধিত হবে বলে উপস্থিত সবাই মতামত প্রদান করেন। স্বচ্ছতা ও জবাবদিহিতার নিশ্চয়তা, সঠিক উপকারভোগী চিহ্নিত করণ সহ সকল সুবিধা CAMS এর মাধ্যমে পাওয়া যাবে। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ইউনিয়ন পরিষদের সম্মানিত চেয়ারম্যান, ইউপি সদস্যদের কাছে ডিজিটাল পদ্ধতিতে টাকা প্রেরণের বিষয়ে অবহিত করবেন এবং উপকারভোগীর মোবাইলে টাকা গ্রহনের | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |

| ক্র: নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | পাঁচশত) টাকা গ্রাহক ঘরে বসেই পাবেন। নগদ, বিকাশ, রকেট, ও শিওর ক্যাশ এর মাধ্যমে ৫০ লক্ষ পরিবারের কাছে টাকা প্রেরণ করা হবে। | বিষয়ে নিয়মিতভাবে পর্যবেক্ষণ করবেন। | |
| ৩ | **ঘরে বসে শিক্ষা (সংসদ-বাংলাদেশ-টেলিভিশন এর মাধ্যমে) কার্যক্রম নিশ্চিতকরণঃ**<br>করোনা বা কোভিড-১৯ এর প্রাদুর্ভাবে শিক্ষা কার্যক্রম ব্যহত হচ্ছে। এমতাবস্থায়, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার উদ্যোগে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের এটুআই কর্তৃক বাস্তবায়নে ঘরে বসে শিক্ষা কার্যক্রমের জন্য অনলাইন প্লাটফরম তৈরি করা হয়।<br>মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, শিক্ষা মন্ত্রণালয়ের পরিকল্পনা ও বাস্তবায়নে শুরু হয়েছে **"আমার ঘরে আমার স্কুল"** কর্মসূচি এবং মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের পরিকল্পনা ও বাস্তবায়নে শুরু হয়েছে **"আমার ঘরে আমার মাদ্রাসা"** কর্মসূচি। শিক্ষার্থীরা এই ওয়েব সাইটের মাধ্যমে যুক্ত হয়ে অনলাইনে ক্লাসগুলো দেখতে পারবে।<br>http://konnect.edu.bd/my-school<br>সংসদ – বাংলাদেশ – টেলিভিশনে প্রতিদিন রুটিন মাফিক মাধ্যমিক পর্যায়ের সকল শ্রেণীর পাঠদান করা হয়।<br>বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড ও এটুআই-এর যৌথ উদ্যোগে দক্ষতা বাতায়নের ফেসবুক পেইজ-এ কারিগরি শিক্ষাধারার ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং কোর্সের বিশেষ লাইভ ক্লাস ক্লাস প্রচারিত হয়: https://www.facebook.com/skills.gov.bd<br>এবং "ঘরে বসে কারিগরি শিক্ষা" কর্মসূচির অংশ হিসেবে একটি ওয়েব পোর্টাল এর মাধ্যমে পাঠদান করা হয়।<br>http://skills.gov.bd | ৩.১ করোনা প্রাদুর্ভাবে সকল স্কুল, কলেজ, মাদ্রাসা বন্ধ হয়ে যায়। এই সময়ে শিক্ষার্থীদের কোন পড়াশুনার ক্ষতি সাধন না হয় সেজন্য সরকার অনলাইন শিক্ষা কার্যক্রম গ্রহণ করেছে।<br><br>৩.২ উপেজলা শিক্ষা অফিসার ও মাধ্যমিক শিক্ষা অফিসারকে সকল স্কুল, কলেজ, মাদ্রাসার প্রধান শিক্ষক, অধ্যক্ষদের বিভিন্ন কার্যক্রম গ্রহণ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। সকল ছাত্র-ছাত্রী ঘরে বসে শিক্ষা কার্যাক্রমে কিভাবে অংশ নিতে পারে তার উপর বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>৩.৩ ঘরে বসে শিক্ষা কার্যাক্রমের বিভিন্ন প্লাটফর্ম, ওয়েবসাইট, এপ্লিকেশন ও প্রযুক্তিগত কারিগরি সাহায্য প্রদানের জন্য উপজেলার সহকারী প্রোগ্রামার জনাব বিপ্লব চন্দ্র দেবনাথ কে অনুরোধ করা করা হয়। মোবাইলঃ ০১৭১০১৮০৭৩৮ | উপজেলা শিক্ষা অফিসার, উপজেলা মাধ্যমকি শিক্ষা অফিসার, সহকারী প্রোগ্রামার। |
| ৪ | **Zoom Cloud Meeting সফটওয়্যার এর মাধ্যমে অফিসিয়াল সভা, সেমিনার আহ্বান ও অংশগ্রহণঃ**<br>বিভিন্ন জায়গায় অবস্থান করে Zoom সফটওয়্যার এর মাধ্যমে সংযুক্ত হয়ে সভা করার জন্য বর্তমান বিশ্বে ব্যপকভাবে সমাদৃত। তাই বাংলাদেশের এই করোনা পরিস্থিতে সরকারি সকল মিটিং বা সভা Zoom সফটওয়্যার এর মাধ্যমে মন্ত্রনালয় ও এর দপ্তর সংস্থা ব্যবহার করে সেবা প্রদান করে যাচ্ছে। Zoom সফটওয়্যারটির দুইটি ভার্সণ রয়েছে এক) ডেস্কটপ ও দুই) মোবাইল এপ্লিকেশন। এই সফটওয়্যার এ যুক্ত হয়ে লাইভ ভিডিও-অডিও সংযোজনের মাধ্যমে মিটিং করা যায়, বিভিন্ন প্রেজেন্টেশন উপস্থাপন করা যায়। ডাউনলোড করার লিংক- https://zoom.us/download | ৪.১ উপজেলা পর্যায়ের সরকারি সকল কর্মকর্তাদের ডেস্কটপ কম্পিউটারে এবং মোবাইলে Zoom সফটওয়্যারটি ইন্সটল করার জন্য আবশ্যিকভাবে উপজেলা নির্বাহী অফিসার নির্দেশনা প্রদান করেন।<br><br>৪.২ Zoom সফটওয়্যার এর সকল কারগরি পদ্ধতি সম্পর্কে সহকারী প্রোগ্রামার ভিডিও প্রেজেন্টেশনের মাধ্যমে উপস্থিত সবাইকে অবহিত করেন। | স্ব-স্ব সরকারি অফিসের অফিস প্রধান, সহকারী প্রোগ্রামার। |
| ৫ | **সচেতনতা বৃদ্ধি সংক্রান্ত লাইভ করোনা ঝুঁকি টেস্ট ও কোভিড-১৯ ট্রাকারঃ**<br>আইসিটি বিভাগের তত্ত্বাবধানে লাইভ করোনা ঝুঁকি টেস্ট ও কোভিড-১৯ ট্রাকার উদ্ভাবন করা হয়। স্বাস্থ্য মন্ত্রনালয়ের প্রেরিত ডেটার ভিত্তিতে বিভিন্ন পরিসংখ্যান সহ নিয়মিত হালনাগাদ তথ্য জানা যাবে। নিম্নোক্ত সরকারি ওয়েব পোর্টাল এ কোভিড-১৯ এর | ৫.১ উপস্থিত সকলকে করোনা পরিস্থিতিতে সামজিক দূরত্ব মেনে সরকারি কার্যক্রম গ্রহণ করার উপর বিভিন্ন মতামত ও নির্দেশনা প্রদান করা হয়। ডিজিটাল প্রযুক্তির মাধ্যমে কোভিড-১৯ এর সর্বশেষ হালনাগাদ তথ্যের জন্য কর্মকর্তাদের বাংলাদেশ সরকারের তৈরিকৃত ওয়েব সাইট পরিদর্শন করার প্রয়োজনীয়তার উপর সভাপতি বিস্তারিত আলোচনা করেন। | স্ব-স্ব সরকারি অফিসের অফিস প্রধান, সহকারী প্রোগ্রামার। |

| ক্র: নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | পর্যবেক্ষণ, রোগী শনাক্ত, মৃত্যু, সুস্থ হওয়ার রেকর্ড সন্নিবেশিত রয়েছে।<br>https://corona.gov.bd/<br>https://livecoronatest.com/<br>http://covid19tracker.gov.bd/ | ৫.২ সকল কর্মকর্তা ও কর্মচারীদের প্রাথমিকভাবে লাইভ করোনা ঝুঁকি পরীক্ষার জন্য ওয়েবসাইটে ভিজিট করতে অনুরোধ করেন। | |
| ৬ | **কোভিড-১৯ সম্পর্কিত আপডেট তথ্যের জন্য WhatsApp Bot Covid ব্যবহার সম্পর্কিতঃ**<br>আইসিটি বিভাগ ও স্বাস্থ্য মন্ত্রণালয়ের সার্বিক তত্ত্বাবধানে কোভিড-১৯ এর বিভিন্ন তথ্য পাওয়ার জন্য একটি WhatsApp Bot চালু করা হয়। যে কেউ খুব সহজেই বিভিন্ন প্রশ্ন করে করোনা সম্পর্কিত হালনাগাদ পরিসংখ্যান, সচেতনতা মূলক মতামত এবং করোনায় আক্রান্ত হলে করনীয় সম্পর্কে জানতে পারে।<br>০১৬৭৮৩৮০০৫৬ এই নাম্বারে whatsApp এর মাধ্যমে Bot এ যুক্ত হওয়া যাবে। | ৬.১ উপস্থিত সকল সদস্যদের মোবাইলে WhatsApp Bot চালু করার জন্য সভাপতি সকলকে অনুরোধ করেন এবং ঘরে বসে নিরাপদে থেকে করোনা মোকাবিলার জন্য নির্দেশনা প্রদান করেন। | স্ব-স্ব সরকারি অফিসের অফিস প্রধান, সহকারী প্রোগ্রামার। |
| ৭ | **দাপ্তরিক সকল চিঠি/পত্র, নথি, নোট ই-নথির মাধ্যমে প্রেরণ ও ব্যবহার নিশ্চিত করা সম্পর্কিতঃ**<br>ডিজিটাল অফিস ব্যস্থাপনা সময় ও অর্থ উভয় সাশ্রয় করে। জবাবদিহিতা ও স্বচ্ছতার নিশ্চয়তা দিয়ে থাকে। ই-নথি ব্যবস্থাপনা এমনি একটি সিস্টেম যার মাধ্যমে খুব সহজেই মন্ত্রনালয় এবং এর দপ্তর সমূহের মধ্যে চিঠি পত্র প্রেরণ করা যায়। করোনা পরিস্থিতিতে ই-নথি সিস্টেম একটি যুগান্তকারী প্লাটফর্ম হিসেবে কাজ করছে। অনলাইনে এক অফিস থেকে অন্য অফিসে নথি প্রেরণ করে সামাজিক দূরত্ব নিশ্চিত করা যাচ্ছে। | ৭.১ উপজেলার সকল সরকারি অফিস সমূহকে ই-নথিতে চিঠি পত্র প্রেরণ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়।<br>৭.২ ইতোমধ্যে উপজেলার ২০ টি অফিসের অফিস প্রধানদের দুই দিন ব্যাপী ই-ফাইলিং এর উপর প্রশিক্ষন প্রদান করা হয়। উপজেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কার্যালয়ের ব্যবস্থাপনায় ও উপজেলা প্রশাসনের সহযোগিতায় প্রশিক্ষন কার্যক্রম সম্পাদন করা হয়।<br>৭.৩ যে সকল অফিস সমূহ লাইভে রয়েছে তাদেরকে আব্যশিকভাবে ই-নথিতে পত্র প্রেরণ করার জন্য অনুরোধ করা হয়। এবং যাদের লাইভে অফিস সংযুক্ত নয় তাদেরকে লাইভে সংযুক্ত করার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য সহকারী প্রোগ্রামারকে নির্দেশ প্রদান করা হয়। | স্ব-স্ব সরকারি অফিসের অফিস প্রধান, সহকারী প্রোগ্রামার। |
| ৮ | **সকরকারি অফিসের সকল নোটিশ, বিভিন্ন সভা, সেমিনারের কার্যবিবরনী ওয়েব সাইটে প্রদর্শণ সম্পর্কিতঃ**<br>bangladesh.gov.bd এশিয়া মহাদেশের সব থেকে বৃহৎ সরকারি ওয়েব পোর্টাল। মন্ত্রনালয়, বিভাগ, অধিদপ্তর থেকে শুরু করে উপজেলা, জেলা, ইউনিয়ন পর্যন্ত সরকারি সকল অফিসের জন্য ওয়েব পোর্টাল রয়েছে। ভান্ডারিয়া উপজেলা নির্বাহী অফিসারের ওয়েব পোর্টাল bhandaria.pirojpur.gov.bd থেকে উপজেলার সকল তথ্য পাওয়া যাচ্ছে। তেমনি প্রতিটি দপ্তরের আলাদা ওয়েব পোর্টাল রয়েছে সেখানে নোটিশ, কর্মকর্তা/কর্মচারীদের তথ্য, সিটিজেন চার্টার সহ বিভিন্ন তথ্য সংযোজন করা যায়। জনসেবায় তথ্যের অবাধ সরবরাহ সহ তথ্য অধিকার আইনের বাস্তবায়ন জাতীয় তথ্য বাতায়ন। | ৮.১ সভাপতি সরকারি সকল অফিসের কার্যক্রম যেমন নোটিশ, কার্যবিবরনী, কর্মকর্তা/কর্মচারীদের হালনাগাদ তথ্য, সিটিজেন চার্টার জাতীয় তথ্য বাতায়নে সংযুক্ত করার জন্য নির্দেশ প্রদান করেন।<br>৮.২ জাতীয় তথ্য বাতায়নের সকল কারিগরি সমস্যার জন্য উপজেলা উপজেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কার্যালয়ের সহকারী প্রোগ্রামারকে অবহিত করার জন্য নির্দেশনা প্রদান করা হয়।<br>৮.৩ উল্লেখ্য উপজেলার সরকারি অফিস সমুহে ওয়েব পোর্টালের উপর প্রশিক্ষন দেয়া হয়। সভাপতি ও উপস্থিত সদ্যসবৃন্দ আরো প্রশিক্ষণ প্রয়োজন বলে মতামত ব্যক্ত করেন। | স্ব-স্ব সরকারি অফিসের অফিস প্রধান, সহকারী প্রোগ্রামার। |
| ৯ | **করোনা প্রাদুর্ভাবে বিভিন্ন প্রযুক্তির ব্যবহার সম্পর্কিতঃ**<br>https://corona.gov.bd/call_center<br>এই ওয়েব সাইটে সরকারি বিভিন্ন হটলাইন নাম্বার দেয়া রয়েছে। করোনা সম্পর্কিত তথ্যের জন্য ফোন করে বিস্তারিত জানা যাবে। যেমন- ৩৩৩ (বিভিন্ন সরকারি তথ্য সরবরাহ করে থাকে), ১৬২৬৩ (স্বাস্থ্য সম্পর্কিত জিজ্ঞাসা), ১০৬৫৫ (আইসিডিডিআর) এ করোনা শনাক্তকরণ ও পরীক্ষা সম্বন্ধে জানা যাবে।<br>https://ekdesh.ekpay.gov.bd/#/home<br>'একদেশ' বাংলাদেশের প্রথম ক্রাউডফান্ডিং প্লাটফর্ম, যা এদেশের | ৯.১ করোনা পরিস্থিতে স্বাস্থ্য সম্পর্কিত জিজ্ঞাসার জন্য ১৬২৬৩ ও ১০৬৫৫ হটলাইনে ফোন করে তথ্য জানা যেতে পারে।<br>৯.২ ৩৩৩ নাম্বারে ফোন করে বিভিন্ন সেবা সম্পর্কিত তথ্য জানা যেতে পারে।<br>৯.২ একদেশে এর মাধ্যমে কোন অনুদান যে কোন সংগঠনকে প্রেরণ করা যাবে। উপরিউক্ত সেবা গুলোর উপর আলোচনা ও মতামত গ্রহণ করা হয়। | স্ব-স্ব সরকারি অফিসের অফিস প্রধান, সহকারী প্রোগ্রামার। |

| ক্র: নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | সকলস্তরের মানুষের ক্ষুদ্র ক্ষুদ্র অবদানকে একত্রিত করে দেশ গড়ার বৃহৎ কাজে ভূমিকা রাখবে। একা নয় বরং ঐক্যবদ্ধতার নীতি প্লাটফর্মটি ছড়িয়ে দিবে দেশজুড়ে। মানুষের স্বপ্ন পূরণে, সমস্যার সমাধানে, সুবিধাবঞ্চিতদের সহযোগিতায়, উদ্ভাবনের সফলতায়, দেশ গড়ার কাজে মানুষের ছোট অবদানকে প্রাতিষ্ঠানিক রূপ দেবে 'একদেশ'। | | |

সভাপতি সকলকে সুচিন্তিত মতামত ব্যক্ত করার জন্য ধন্যবাদ জানান। তিনি বলেন, করোনা প্রাদুর্ভাবে ডিজিটাল প্লাটফরম ব্যবহার করে যদি সকল কার্যক্রম নিশ্চিত করা যায় তাহলে সামাজিক দূরত্ব নিশ্চিত করা যাবে। একদিকে যেমন সংক্রামনের ঝুঁকি কমে যাবে তেমনি সকল কার্যক্রম গ্রহনের ফলে সরকারি সেবার নিশ্চয়তা বৃদ্ধি পাবে। পরিশেষে, ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে সকলের আন্তরিক সহযোগিতা কামনা করেন এবং করোনা প্রাদুর্ভাব শেষ হয়ে নতুন প্রান চঞ্চল বাংলাদেশ ফিরে আসবে বলে আশাবাদ ব্যক্ত করে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভা শেষ করেন।

১৮/০৫/২০২০

(মোঃ নাজমুল আলম)
উপজেলা নির্বাহী অফিসার
ভান্ডারিয়া, পিরোজপুর
ও
সভাপতি
উপজেলা আইসিটি বিষয়ক কমিটি।

স্মারক নং-৫৬.০৪.৭৯১৪.০০০.০৬.০০১.১৯-১১

তারিখঃ ৫ জৈষ্ঠ্য ১৪২৭ বঙ্গাব্দ
১৮ মে ২০২০ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১. মাননীয় সংসদ সদস্য, ১২৮ পিরোজপুর-২
২. সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭।
৩. মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭।
৪. বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।
৫. জেলা প্রশাসক, পিরোজপুর।
৬. উপজেলা চেয়ারম্যান, ভান্ডারিয়া, পিরোজপুর।
৭. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।
৮. সহকারী প্রোগ্রামার, জেলা কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, পিরোজপুর।
৯. জনাব........................................................................, সদস্য, উপজেলা আইসিটি কমিটি।

১৮/০৫/২০২০

(বিপ্লব চন্দ্র দেবনাথ)
সহকারী প্রোগ্রামার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর ও
সদস্য সচিব
উপজেলা আইসিটি বিষয়ক কমিটি।